



কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

আসানসোল

১২৬^{তম} নজরুল জন্মজয়ন্তী ও ৪৫^{তম} নজরুল মেলা



Date: 30.04.2025

Ref. No. KNU/Nazrul Mela/2025/Apr/4

বিজ্ঞপ্তি

কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ও পরিচালনায় এ-বছরের '১২৬^{তম} নজরুল জন্মজয়ন্তী ও ৪৫^{তম} নজরুল মেলা' বিগত বছরের ন্যায় অনুষ্ঠিত হবে। কাজী নজরুল বিশ্ববিদ্যালয় এ বছর সমবেত নজরুল সংগীত ও সমবেত নৃত্য বিষয়ে অডিশনের ব্যবস্থা গ্রহণ করেছে। এই সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য ইচ্ছুক শিল্পীগোষ্ঠী অডিশনের জন্য নাম জমা দিতে পারেন। এই অডিশনে আবেদন করতে ইচ্ছুক তারা সাদা কাগজে নিজেদের নাম, e-mail address, যোগাযোগের নম্বর (চলভাষ) ও অংশগ্রহণের বিষয় (সংগীত, নৃত্য) উল্লেখ করে আবেদন করতে পারেন। স্মর্তব্য, বিগত বছরের অডিশনে নির্বাচিত শিল্পীগোষ্ঠীদের আবেদন পত্র পাঠাতে হবে না।

বিষয়: ১। 'সমবেত নজরুল সংগীত' ২। 'নজরুল সংগীতের ভাবানুসারী সমবেত নৃত্য'

সংগীত সম্বন্ধীয় নিয়মাবলী:

- অডিশনে বা অনুষ্ঠানে নজরুল ভিন্ন অন্য কোনো গীতিকারের গান পরিবেশিত হবে না।
- মাইক্রোফোন ব্যতীত খালি গলায় দলগতভাবে গীত দুটি নজরুল সংগীতের ভিডিও জমা দিতে হবে। রেকর্ডিং এ Equalizer বা Reverb-এর প্রয়োগ যেন না থাকে।
- পূর্বের কোনো মঞ্চের অনুষ্ঠানের ভিডিও গ্রহণ করা হবে না।
- শিল্পীদের ভিডিও পেনড্রাইভ বা সিডিতে জমা দিতে হবে। অডিও ফাইল গৃহীত হবে না।
- সমবেত অনুষ্ঠানের ক্ষেত্রে শিল্পী সংখ্যা সর্বনিম্ন ৬ ও সর্বাধিক ১০ জন হতে হবে। এই সংখ্যার তারতম্য ঘটলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেই দলের অনুষ্ঠান বাতিল বলে ঘোষণা করবে।
- কোনো একটি শিল্পীগোষ্ঠী অপর শিল্পীগোষ্ঠীর সাথে সংযুক্ত হয়ে অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন না।
- ভিডিও-তে যারা অংশগ্রহণ করবেন তাদের সকলের পরিচিতি আবেদন পত্রে উল্লেখ করতে হবে। অনুষ্ঠানে সেই শিল্পীরাই উপস্থিত থাকবেন। যদি কোনো কারণবশত পরিবর্তন আবশ্যিক হয় তবে বিশ্ববিদ্যালয়কে ১৯ মে, ২০২৫ তারিখের পূর্বে লিখিত আকারে জানাতে হবে।
- অনুষ্ঠান চলাকালীন শিল্পীগোষ্ঠী-কর্তৃক প্রদত্ত শিল্পীদের নামের বাইরে অন্য কোনো শিল্পীকে অনুষ্ঠানে অন্তর্ভুক্ত করা যাবে না।
- মোবাইল বা ক্যামেরা Horizontally অবস্থায় কোনো নির্দিষ্টস্থানে রেখে ভিডিও করবেন।
- বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত 'Selection Board'-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

নৃত্য সম্বন্ধীয় নিয়মাবলী:

- অডিশনে বা অনুষ্ঠানে নজরুল ভিন্ন অন্য কোনো গীতিকারের গান পরিবেশিত হবে না।
- পূর্বের কোনো মঞ্চের অনুষ্ঠানের ভিডিও, সোশ্যাল মিডিয়ায় প্রদত্ত Reel, Post গ্রহণ করা হবে না।
- শিল্পীদের ভিডিও পেনড্রাইভ বা সিডিতে জমা দিতে হবে।
- সমবেত অনুষ্ঠানের ক্ষেত্রে শিল্পী সংখ্যা সর্বনিম্ন ৬ ও সর্বাধিক ১০ জন হতে হবে। এই সংখ্যার তারতম্য ঘটলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেই দলের অনুষ্ঠান বাতিল বলে ঘোষণা করবে।
- কোনো একটি শিল্পীগোষ্ঠী অপর শিল্পীগোষ্ঠীর সাথে সংযুক্ত হয়ে অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন না।
- ভিডিও-তে যারা অংশগ্রহণ করবেন তাদের সকলের পরিচিতি আবেদন পত্রে উল্লেখ করতে হবে। অনুষ্ঠানে সেই শিল্পীরাই উপস্থিত থাকবেন। যদি কোনো কারণবশত পরিবর্তন আবশ্যিক হয় তবে বিশ্ববিদ্যালয়কে ১৯ মে, ২০২৫ তারিখের পূর্বে লিখিত আকারে জানাতে হবে।
- অনুষ্ঠান চলাকালীন শিল্পীগোষ্ঠী-কর্তৃক প্রদত্ত শিল্পীদের নামের বাইরে অন্য কোনো শিল্পীকে অনুষ্ঠানে অন্তর্ভুক্ত করা যাবে না।
- নৃত্য পরিবেশনায় যথাযথ ও সুরুচিপূর্ণ পোশাক ব্যবহার করবেন। খেয়াল রাখবেন যেন Background যেন সুন্দর থাকে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত 'Selection Board'-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


আগামী ৩০ এপ্রিল ২০২৫ থেকে ১৪ মে ২০২৫ তারিখ বিকেল ৫:০০টার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় আবেদনপত্রগুলি পাঠানোর ব্যবস্থা করবেন।

Research Associate, Nazrul Centre for Social and Cultural Studies (NCSCS), Administrative Building, Room No. 111, Kazi Nazrul University, Kalla More, Nazrul Road, Near Kalla Hospital (C. H.), Asansol – 713340, Paschim Bardhaman, West Bengal


সম্পাদক

নজরুল মেলা সমিতি, ২০২৫
কাজী নজরুল বিশ্ববিদ্যালয়




যুগ্ম-সম্পাদক

নজরুল মেলা সমিতি, ২০২৫
কাজী নজরুল বিশ্ববিদ্যালয়